# স্থানীয় নির্বাচন নিয়ে ইসির কাছে জামায়াতের ৯ দফা দাবি



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশনের কাছে ৯টি দাবি তুলে ধরেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) দুপুরে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক করে দলটির প্রতিনিধিদল এসব দাবি জানায়।

বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি জানান, দাবিগুলোর মধ্যে রয়েছে এমপিওভুক্ত শিক্ষকদের স্থানীয় নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ বহাল রাখা এবং নির্বাচনী প্রচারণায় মন্ত্রী ও সংসদ সদস্যদের অংশগ্রহণ থেকে বিরত রাখা।

নির্বাচন কমিশন তাদের কিছু প্রস্তাব গ্রহণ করেছে জানিয়ে গোলাম পরওয়ার বলেন, কয়েকটি বিষয়ে এখনো সমাধান হয়নি। তবে বর্তমান পরিস্থিতিতে নির্বাচন বর্জনের কোনো সিদ্ধান্ত বা পরিবেশ তৈরি হয়নি। ইসির ওপর দলের আস্থা রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

সিটি করপোরেশন ও জেলা প্রশাসনে প্রশাসক নিয়োগের বিষয়টি নিয়েও আপত্তি জানায় জামায়াত। গোলাম পরওয়ারের অভিযোগ, নির্বাচনের আগে এসব নিয়োগের মাধ্যমে সরকার নিজেদের জন্য অনুকূল পরিস্থিতি তৈরির চেষ্টা করছে। তাই প্রশাসক হিসেবে নিয়োগ পাওয়া ব্যক্তিদের নির্বাচনে অংশগ্রহণের সুযোগ না দেওয়ার দাবি জানান তিনি।

তিনি আরও বলেন, সরকারি চাপের কারণে নির্বাচন কমিশন কিছু ক্ষেত্রে স্বাধীনভাবে কাজ করতে পারছে না। জামায়াতের উত্থাপিত দাবিগুলো উপেক্ষা করা হলে নির্বাচন সুষ্ঠু হওয়ার বিষয়ে প্রশ্ন থেকে যাবে বলেও মন্তব্য করেন তিনি।

১১ দলীয় ঐক্যের ভবিষ্যৎ নিয়ে এক প্রশ্নের জবাবে মিয়া গোলাম পরওয়ার বলেন, এই জোট গঠিত হয়েছে জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে জোটের শরিকদের মধ্যে কোনো সংঘাতের আশঙ্কা নেই।